



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ টাঃ- ৬৪০০-৪১৫-৯৩০৫-ইবি-৪৫০-১৪২৫৫/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০০৯) মুদ্রণ ও প্রকাশনা অধ্যয়ন বিভাগের একটি শূন্য কম্পিউটার অপারেটর পদ পূরণের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে কমপক্ষে স্নাতক পাস হইতে হইবে। প্রার্থীকে প্রয়োজনীয় ক্ষেত্রে ডিপ্লোমা / ট্রেডকোর্স পাসসহ ৪ (চার) বৎসরের যথাযথ অভিজ্ঞতাসহ কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণ যোগ্য নয়। মুদ্রণ ও প্রকাশনা বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। আবেদনকারীর অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন/উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবরে লিখিত দরখাস্ত আগামী ১০-১২-২০১৫ তারিখের মধ্যে মুদ্রণ ও প্রকাশনা অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান-এর অফিসে দাখিল করিতে হইবে।

চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।


১৭/১১/১৫